**AKASHVANI(AIR)**

**RNU: KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date 12-02-2026 Time: 7.35 AM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর আমলে পশ্চিমবঙ্গে আইনশৃঙ্খলার অবনতি হয়েছে বলে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন অভিযোগ করেছেন।

২) কলকাতা মেট্রো ব্লু লাইনে আধুনিকীকরণের জন্য এক হাজার ২০০ কোটি টাকার বেশি বরাদ্দ হয়েছে বলে জানিয়েছেন রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো।

কেন্দ্রীয় সরকারের বিদ্যাঞ্জলি প্রকল্পে অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গ অনেকটাই পিছিয়ে রয়েছে বলে শিক্ষা মন্ত্রক জানিয়েছে।

৩) এস আই আর প্রক্রিয়ায় নথি যাচাইয়ের সময় জন্মের আগেই শংসাপত্র প্রদান সহ একাধিক গড়মিলের প্রেক্ষিতে নির্বাচন কমিশন কঠোর অবস্থান নিচ্ছে।

৪) সব ধরণের সরকারি অনুষ্ঠানে এবার থেকে জাতীয় স্ত্রোত্র ‘বন্দে মাতরম’ও পরিবেশন করতে হবে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক জানিয়েছে।

৫) উচ্চ মাধ্যমিকের চতুর্থ সেমিস্টারের পরীক্ষা আজ শুরু হচ্ছে। পরিষেবা স্বাভাবিক রাখতে যান চলাচল নিয়ন্ত্রণ করছে কলকাতা পুলিশ।

৬) পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল নিয়োগের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের প্রাপ্ত নম্বর সহ বিস্তারিত তালিকা প্রকাশের নির্দেশ কলকাতা হাইকোর্টের।

---

কলকাতা মেট্রো ব্লু লাইনে আধুনিকীকরণের জন্য এক হাজার ২০০ কোটি টাকার বেশি বরাদ্দ হয়েছে বলে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো জানিয়েছেন। লোকসভায় গতকাল বিজেপি সাংসদ জগন্নাথ সরকারের এক লিখিত প্রশ্নের জবাবে শ্রী বৈষ্ণো জানান, খিদিরপুরে মেট্রো স্টেশন তৈরির জন্যে ২০২০ সালে রাজ্য সরকারের কাছে জমি চাওয়া হলেও গত বছর জুলাই মাসে তা পাওয়া যায়।

অন্যদিকে ধর্মতলার বিধান চন্দ্র রায় মার্কেট অস্থায়ী ভাবে সরানোর জন্যে সাড়ে তিন বছর অপেক্ষা করতে হয় বলে তিনি জানিয়েছেন। নিউ গড়িয়া-দমদম এয়ারপোর্ট অংশের চিংড়িঘাটায় ফ্লাইওভারের কাজের জন্যে রাজ্যের তরফে গত ১০ মাসেও অনুমতি মেলেনি বলে মন্ত্রী জানিয়েছেন।

তিনি আরও বলেন, কেন্দ্রীয় বাজেটে পশ্চিমবঙ্গের রেলের জন্য রেকর্ড ১৪ হাজার ২০৫ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। ইউপিএ আমলে ২০০৯ থেকে ২০১৪ পর্যন্ত এই বরাদ্দ ছিল মাত্র চার হাজার ৩০০ কোটি টাকা। তিনি অভিযোগ করেন, পশ্চিমবঙ্গের রেল প্রকল্পগুলির জন্য যেখানে ৪ হাজার ৬৬২ হেক্টর জমি প্রয়োজন, তার মধ্যে মাত্র ২৭ শতাংশ অধিগ্রহণ হয়েছে। রাজ্য সরকারের অসহযোগিতার কারণে বেশ কয়েকটি প্রকল্পে জমি অধিগ্রহণ প্রক্রিয়া এখনও শুরু করা যায়নি।

---

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর আমলে পশ্চিমবঙ্গে আইনশৃঙ্খলার অবনতি হয়েছে বলে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন অভিযোগ করেছেন। তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের অভিযোগের জবাবে গতকাল লোকসভায় অর্থমন্ত্রী বলেন, বাংলায় বর্তমানে আইনের অনুশাসনের বদলে বোমার সংস্কৃতি তৈরি হয়েছে।

আইনশৃঙ্খলা পরিস্থিতি সামাল দিতে না পেরে মুখ্যমন্ত্রী রাতের বেলা মহিলাদের রাস্তায় না বেরনোর পরামর্শ দিচ্ছেন।

বাইট

দুধ, শিক্ষার সামগ্রী ইত্যাদি ক্ষেত্রে সরকার জিএসটি আরোপের অভিযোগও খারিজ করে দিয়েছেন তিনি।

-----------------

কেন্দ্রীয় সরকারের বিদ্যাঞ্জলি প্রকল্পে অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গ অনেকটাই পিছিয়ে রয়েছে বলে শিক্ষা মন্ত্রক জানিয়েছে। রাজ্যসভায় গতকাল বিজেপি সাংসদ শমীক ভট্টাচার্যের প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী জয়ন্ত চৌধুরী জানান, রাজ্যে ৮২ হাজার একশ উনষাটটি সরকারি বিদ্যালয়ের মধ্যে শুধুমাত্র ৫৫টি স্কুলে এই প্রকল্প চালু হয়েছে। দেশ জুড়ে প্রায় দু কোটি পড়ুয়া এই প্রকল্পে উপকৃত হলেও রাজনীতির কারণেই এরাজ্যের ছাত্র ছাত্রীরা বঞ্চিত থাকছে।

এদিকে শমীক ভট্টাচার্য অভিযোগ করেন, রাজ্য সরকারের অসহযোগিতার কারণেই রেল, স্বাস্থ্য, শিক্ষা সহ কেন্দ্রের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প পশ্চিমবঙ্গে বাস্তবায়িত করা সম্ভব হয়নি।

-----------------

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন এস আই আর প্রক্রিয়ায় জমা পড়া নথিতে জন্মের আগেই বার্থ সার্টিফিকেট তৈরি, ছয় মাসের ব্যবধানে দুই সন্তানের জন্মের মত একাধিক অস্বাভাবিক ঘটনা সামনে আসায় নির্বাচন কমিশন কঠোর অবস্থান নিচ্ছে। এনিউমারেশন ফর্মে উল্লিখিত নির্দেশিকার ভিত্তিতে সংশ্লিষ্ট ইআরও-কে আইনানুগ পদক্ষেপ করতে বলা হয়েছে।

নির্বাচন কমিশন সূত্রে জানা গিয়েছে, উত্তর ২৪ পরগণার বরানগর বিধানসভা এলাকায় এক ব্যক্তির ক্ষেত্রে  জন্মতারিখের দুদিন আগে তাঁর বার্থ সার্টিফিকেট তৈরি হয়েছে।  ওই ব্যক্তির নাম চূড়ান্ত ভোটার তালিকা থেকে বাদ দেওয়া হতে পারে।

অন্যদিকে পূর্ব বর্ধমানের মেমারী বিধানসভা এলাকায়  ৫৫ নম্বর পার্টের এক ভোটারের  এনিউমারেশন ফর্মে জন্মতারিখ সংক্রান্ত তথ্য সঠিকভাবে না থাকায় তার বিরুদ্ধেও ব্যবস্থা নিতে বলা হয়েছে। কমিশন জানিয়েছে, এই ধরনের ভুল বা অসঙ্গত তথ্য যাচাই করতে গিয়ে সময় নষ্ট হচ্ছে। সমস্যায় পড়তে হচ্ছে সংশ্লিষ্ট আধিকারিকদেরও।

-----------------

পশ্চিমবঙ্গ সহ নির্বাচনমুখী পাঁচ রাজ্যে ইভিএম ও ভিভিপ্যাট নিয়ে সচেতনতা বাড়াতে নির্বাচন কমিশন  বিশেষ প্রচার অভিযান শুরু করেছে । গ্রামাঞ্চল থেকে জেলা স্তর পর্যন্ত হাতে-কলমে প্রদর্শনের মাধ্যমে ভোটারদের আস্থা বাড়ানোর লক্ষ্যেই এই উদ্যোগ বলে কমিশন সূত্রে জানা গিয়েছে। ইলেকট্রনিক ভোটিং মেশিন ও ভিভিপ্যাটের কার্যপদ্ধতি সম্পর্কে ভোটারদের সরাসরি ধারণা দেওয়ার জন্য জেলা নির্বাচন আধিকারিকদের দপ্তর ও রিটার্নিং অফিসারদের অধীনে ইভিএম প্রদর্শনী কেন্দ্র চালু করা হয়েছে। পাশাপাশি মোবাইল প্রদর্শনী ভ্যানের মাধ্যমে প্রত্যন্ত এলাকাতেও এই প্রচার পৌঁছে দেওয়া হচ্ছে।

-----------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় দামোদর ভ্যালি কর্পোরেশনের “কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা"। ডিভিসির চেয়ারম্যান এস সুরেশ কুমারের সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্ত্তী। আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত

আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

------------------

জাতীয় সঙ্গীত 'জন-গণ-মন'–র সঙ্গেই এবার থেকে সব ধরণের সরকারি অনুষ্ঠানে জাতীয় স্তোত্র 'বন্দে মাতরম' ও পরিবেশন করতে হবে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক জানিয়েছে। এব্যাপারে পশ্চিমবঙ্গ সহ সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে গতকাল নির্দেশিকা পাঠানো হয়েছে। এতে বলা হয়েছে, 'বন্দে মাতরম'-এর **সরকারি সংস্করণ** পরিবেশনের সময় অনুষ্ঠানে উপস্থিত সকলকে অবশ্যই উঠে দাঁড়াতে হবে। জাতীয় সঙ্গীতের মতো এক্ষত্রেও সময় স্থির করে দেওয়া হয়েছে। 'বন্দে মাতরম'–এর ৬'টি স্তবক, ১৯০ সেকেন্ড বা ৩'মিনিট ১০ সেকেন্ডের মধ্যে পরিবেশন করতে হবে। কোন্ কোন্ সময়ে 'বন্দে মাতরম' পরিবেশন করা বাধ্যতামূলক, তাও কেন্দ্রের নির্দেশিকায় স্পষ্টভাবে জানানো হয়েছে। মন্ত্রক জানিয়েছে, জাতীয় পতাকা উন্মোচন, সরকারি অনুষ্ঠানে রাষ্ট্রপতির আগমন ও প্রস্থান, জাতীর উদ্দেশে রাষ্ট্রপতির ভাষণের আগে ও পরে, সরকারি অনুষ্ঠানে রাজ্যপাল ও উপরাজ্যপালদের আগমণ ও প্রস্থান, কোনো নাগরিক সম্মান বা পুরস্কার দেওয়া এবং কুচকাওয়াজে জাতীয় পতাকা আনার সময় 'বন্দে মাতরম' বাধ্যতামূলক করা হয়েছে। অন্যন্য সরকারি অনুষ্ঠান বা স্কুলে প্রার্থনার সময়'ও তা' পরিবেশন করা যাবে। একইসঙ্গে স্তোত্র পাঠ বা পরিবেশনের সময় সকলকে কন্ঠ মেলানোর'ও প্রস্তাব দিয়েছে স্বরাষ্ট্র মন্ত্রক। কখনো যদি সিনেমার অংশ হিসেবে এই গান ব্যবহৃত হয়, সেক্ষেত্রে উঠে দাঁড়ানো বাধ্যতামূলক নয়। তবে প্রতি ক্ষেত্রেই যথাযথ মর্যাদা এবং শৃঙ্খলা বজায় রাখা আবশ্যিক।

উল্লেখ্য, ঋষি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত বন্দে মাতরম-এর সার্ধ শতবর্ষ পূর্তিতে কেন্দ্রীয় সরকার একাধিক উদ্যোগ নিয়েছে। জাতীয় সঙ্গীতের পাশাপাশি আনন্দমঠ উপন্যাসের অংশ এই গানকে সংবিধান আলাদ মর্যাদা এবং স্বীকৃতি দিলেও, এতোদিন বন্দে মাতরম-এর জন্য কোন নির্দিষ্ট বিধি ছিলনা। নতুন নির্দেশিকা কার্যকর হলে জাতীয় স্তোত্র পরিবেশনের ক্ষেত্রে সামঞ্জস্য বজায় থাকবে।

-----------------

উচ্চ মাধ্যমিকের চতুর্থ তথা চূড়ান্ত সেমিস্টারের পরীক্ষা আজ শুরু হচ্ছে। তৃতীয় সেমিস্টারের সাপ্লিমেন্টারি এবং পুরনো পদ্ধতিতে উচ্চমাধ্যমিক পরীক্ষাও আজই শুরু হবে। মোট পরীক্ষার্থীর সংখ্যা ৭ লক্ষ ১০ হাজার ৮১১ জন। ছাত্রদের তুলনায় ছাত্রীদের সংখ্যা এবার বেশি। পরীক্ষা চলবে ২৭ ফেব্রুয়ারি পর্যন্ত। একটি প্রতিবেদন

ভয়েসকাস্ট

চতুর্থ ও তৃতীয় সেমিস্টারের পরীক্ষার্থীরা মোবাইল ফোন ক্যালকুলেটর বা অন্য কোনো বৈদ্যুতিন সরঞ্জাম নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না। তবে যারা পুরনো পদ্ধতিতে পরীক্ষা দেবে, তারাই একমাত্র ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে।

উচ্চমাধ্যমিক পরীক্ষার দিনগুলিতে যানজট এড়াতে কলকাতা পুলিশ তাদের নির্ধারিত এলাকায় যান চলাচল নিয়ন্ত্রন করছে। এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, ২৭ তারিখ পর্যন্ত পরীক্ষার দিনগুলিতে জরুরী পন্য ছাড়া সকাল ৬ টা থেকে দুপুর ১২টা পর্যন্ত পন্যবাহী যান চলাচল নিয়ন্ত্রন করা হবে। তবে বন্দরমুখী পন্যবাহী যান চলাচলের অনুমতি দেওয়া হবে সকাল ৮ টা পর্যন্ত।

-----------------

কেন্দ্রীয় সরকার ঘোষিত চারটি শ্রম কোড বাতিল, মূল্যবৃদ্ধি ও বেসরকারিকরণ রোধ, কর্ম সংস্থান সহ একাধিক দাবিতে AITUC, INTUC, CITU সহ বিভিন্ন শ্রমিক সংগঠন এবং শিল্প ফেডারেশন আজ দেশব্যাপী সাধারণ ধর্ণঘট ও এরাজ্যে শিল্প ধর্মঘটের ডাক দিয়েছে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের কথা মাথায় রেখে পরিবহন ব্যবস্থাকে ধর্মঘটের আওয়াতর বাইরে রাখা হয়েছে। তবে পরিবহন কর্মীরা সন্ধ্যা ছটা থেকে ছটা ১০ মিনিট পর্যন্ত কাজ বন্ধ রেখে প্রতীকী ধর্মঘট পালন করবেন বলে জানানো হয়েছে। ব্যাংক কর্মীদের কয়েকটি সংগঠনও ব্যাংক ধর্মঘটের ডাক দিয়েছে।

এদিকে, বাম শ্রমিক সংগঠনের ডাকা এই ধর্মঘটে সন ধরনের পরিষেবা সচল রাখতে উদ্যোগী হয়েছে রাজ্য প্রশাসন। অর্থ দপ্তর থেকে প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, অসুস্থতা বা অন্য কোনো জরুরী কারণ ছাড়া আজ কোনো সরকারি কর্মী দপ্তরে অনুপস্থিত থাকলে তার একদিনের বেতন কাটা যাবে এবং কর্মজীবন থেকে একদিন বাদ পড়বে। তবে ১১ই ফেব্রুয়ারির আগে থেকেই যাদের ছুটি নেওয়া রয়েছে, তাদের ক্ষেত্রে এই নির্দেস বলবত্ হবে না।

কোনো কর্মী অনুপস্থিত থাকলে তাকে কারণ দর্শানোর নোটিশ পাঠানো হবে। উত্তর সন্তোষজনক হলে ছুটি মঞ্জুর করা হতে পারে। তবে নোটিশের জবাব না দিলে শৃঙ্খলাভঙ্গের অভিযোগে পদক্ষেপ নেওয়া হবে বলে জানানো হয়েছে। এই সংক্রান্ত রিপোর্ট ২৮ ফেব্রুয়ারির মধ্যে জমা দিতে হবে অর্থ দপ্তরে।

-----------------

পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল নিয়োগের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর নাম, প্রাপ্ত নম্বর এবং নির্দিষ্ট সংরক্ষিত শ্রেণির উল্লেখ করে ফের বিস্তারিত তালিকা প্রকাশের

নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি সৌগত ভট্টাচার্য গতকাল জানিয়েছেন, ইন্টারভিউ প্রক্রিয়া শুরুর আগেই এই তালিকা প্রকাশ করতে হবে।

উল্লেখ্য ২০২৪ সালে নিয়োগ বিজ্ঞপ্তির ভিত্তিতে লিখিত পরীক্ষা নেওয়া হয় ২০২৫ সালে। ফল প্রকাশিত হয় গত বছর ২৯ শে ডিসেম্বর। তবে ফলাফল ঘোষণার পর দেখা যায়, নম্বরহীন তালিকা প্রকাশ করেছে পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড। সেটিকে চ্যালেঞ্জ জানিয়ে আদালতের দ্বারস্থ্ হন কয়েকজন পরীক্ষার্থী।

-----------------

মাঘী সংক্রান্তি তিথিতে গঙ্গা যমুনা সরস্বতী নদী সঙ্গম হুগলীর ত্রিবেণী তে বার্ষিক কুম্ভ স্নান মহোৎসবের গতকাল সূচনা হয়েছে। দেশের বিভিন্ন প্রান্তের আখাড়া ও মঠ প্রতিষ্ঠানের  কয়েক শত সাধু সন্ত মেলা প্রাঙ্গণে উপস্থিত হয়ে পূজো যজ্ঞপাঠ শুরু করেছেন। আজ মহারুদ্রাভিষেক ও শিব সহস্রনাম যজ্ঞে অংশ নেবেন রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস।

অমৃত যোগ স্নান আগামীকাল। উচ্চ মাধ্যমিক পরীক্ষা চলায় পরীক্ষার্থি ও পুর্ণার্থিদের যাতে কোনও অসুবিধা না হয়, সেদিকে প্রশাসনের সতর্ক দৃষ্টি রয়েছে বলে আমাদের প্রতিনিধি জানিয়েছেন।

-----------------

আবহাওয়া দপ্তরের পূর্বাভাস মতোই গত কয়েকদিনের থেকে বেড়েছে সর্বনিম্ন তাপমাত্রা। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৬ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস। স্বাভাবিকের থেকে কিছুটা কম। আগামী দু'দিনে তাপমাত্রা আরো ১ থেকে ২ ডিগ্রি বাড়তে পারে।

উত্তরবঙ্গে বিক্ষিপ্তভাবে সকালের দিকে হালকা থেকে মাঝারি কুয়াশা থাকার সম্ভাবনা রয়েছে। আগামী সাতদিন রাতে শুষ্ক আবহাওয়া বজায় থাকবে।

------------------ ------------------